

তথ্য অধিকার আইন (২০০৫)

তথ্য অধিকার আইন অনুযায়ী যে কোনও ভারতীয় নাগরিক নির্দিষ্ট অর্থের বিনিময়ে জন কৰ্তৃপক্ষের নিকট হতে তথ্য পাওয়া সংবিধান স্বীকৃত অধিকার।

আবেদন পদ্ধতি

- আপনি যা তথ্য জানতে চান তা স্পষ্টভাবে নির্দিষ্ট করুন। কেবলমাত্র তথ্যই চাইবেন, অনির্দিষ্ট তথ্য, অনথিভুক্ত মতামত, আইনী ব্যাখ্যা ইত্যাদি জানতে চাইবেন না।
- সুনির্দিষ্ট ভাবে তা সাদা কাগজে লিখে অথবা টাইপ করে ফেলুন।
- DL&LRO, SDL&LRO বা BL&LRO কোন অফিসের কাছে সেই তথ্য আছে তা নির্দিষ্ট করুন।
- Deputy DL&LRO, Murshidabad, যিনি এই অফিসের SPIO তার কাছে তথ্য আইনের ৬(১) ধারা বলে আবেদন করুন।
- ওই আবেদন পত্রের উপরে ১০ টাকা মূল্যের কোর্ট ফি স্ট্যাম্প স্টেটে দিন অথবা সংশোধিত রুল অনুযায়ী ১০ টাকা মূল্যের ইন্ডিয়ান পোস্টাল অর্ডার, নন জুডিশিয়াল স্ট্যাম্প পেপার, ডিম্যান্ড ড্রাফট/ ব্যঙ্কার'স চেকের মাধ্যমেও দেওয়া যেতে পারে।
- আপনি যদি বি,পি,এল তালিকাভুক্ত নাগরিক হোন তাহলে আবেদন মূল্য লাগবে না। তবে সেক্ষেত্রে আবেদন পত্রের সঙ্গে বি,পি,এল শংসা পত্রের নকল জুড়ে দেবেন।
- আবেদন পত্র গৃহীত হওয়ার সর্বোচ্চ ৩০ দিনের মধ্যে রাজ্য জন তথ্য আধিকারিক আপনাকে তথ্য সরবরাহ করবেন অথবা ঐ সময়সীমার মধ্যে এই ব্যাপারে আপনার আইন অনুযায়ী কি কি করণীয় তা অবহিত করবেন বা যে অফিসে প্রার্থিত তথ্য আছে সেখানে আপনার আবেদনটি পাঠিয়ে পাঠিয়ে দেবেন এবং আপনাকেও তা জানানো হবোয়ে আধিকারিককে আপনার আবেদনটি পাঠানো হবে, তিনি Deemed SPIO হিসেবে বিবেচিত হবেন এবং আবেদনটি পাওয়ার ৩০ দিনের মধ্যে আপনার তথ্য দিতে তিনি বাধ্য থাকবেন।
- নির্দিষ্ট সময়সীমার মধ্যে জন তথ্য আধিকারিক আপনার আবেদনের ভিত্তিতে প্রয়োজনীয় তথ্য না দিলে অথবা অসম্পূর্ণ ও ভুল তথ্য দিলে অথবা তথ্য দিতে অস্বীকৃত হলে আপনি ১৯(১) ধারা অনুযায়ী DL&LRO, Murshidabad এর নিকট প্রয়োজনীয় কাগজপত্র সহ প্রথম অ্যাপিল করতে পারেন।
- আপনি ১৮ ধারা অনুযায়ী জন তথ্য আধিকারিকের সিদ্ধান্তের বিরুদ্ধে রাজ্য তথ্য কমিশনে প্রয়োজনীয় কাগজপত্র সহ সরাসরি অভিযোগ করতে পারেন।
- প্রথম অ্যাপিল করার অথবা অ্যাপিলেট কৰ্তৃপক্ষের সিদ্ধান্তের ৯০ দিনের মধ্যে রাজ্য তথ্য কমিশনে ১৯(৩) ধারা অনুযায়ী দ্বিতীয় অ্যাপিল করতে পারেন।

বিঃ দ্রঃ-

- উপরোক্ত আবেদন পদ্ধতি পশ্চিমবঙ্গ সরকার ও পঃ বঃ সরকার পোষিত বিভিন্ন দপ্তরের ক্ষেত্রে প্রযোজ্য
- বিস্তারিত জানার জন্যে তথ্য অধিকার আইন, ২০০৫- এর বিভিন্ন ধারাগুলি দেখুন।
- বিভিন্ন দপ্তরের তথ্য আধিকারিকের নাম ও পদমর্যাদা জানতে রাজ্য তথ্য কমিশনের ওয়েবসাইট www.wbic.gov.in দেখুন।